বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বানিজ্যিক এলাকা
প্রধান কার্যালয়, ঢাকা-১০০০

ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ
(মানিলন্ডারিং প্রতিরোধ সেল)

প্রকা/আরএমডি-(৩০)/সিসিসি/২০১৭-২০১৮/ ২০৯০ (৭৫) তারিখ ঃ ২৮-০৫-২০১৮

০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ(AML/CFT) বিষয়ে পোস্টার স্থাপন প্রসংগে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের ১৩-০২-২০১৮ তারিখের ১২৬৮(১২৫০) নং পত্রের এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্রের মাধ্যমে বিএফআইইউ কর্তৃক জারীকৃত মাস্টার সার্কুলার নং-১৯ তারিখ-১৭-০৯-২০১৭ এর ১১.৩(১) অনুচ্ছেদ এবং CAMLCO সম্মেলন-২০১৭ এর রেকর্ড নোটস্ এ গৃহীত সুপারিশ নং-৭ এর নির্দেশনা অনুযায়ী প্রতিটি ব্যাংক শাখার দৃশ্যমান স্থানে মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে গ্রাহকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পোস্টার/বিলবোর্ড স্থাপনের জন্য কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCU) কর্তৃক একটি পোস্টার এর নমুনা প্রেরণ করা হয়েছিল।

০৩। প্রধান কার্যালয় কর্তৃক মাঠ পর্যায়ে ভ্রমণকালে দেখা যায় অধিকাংশ অঞ্চল কর্তৃক উক্ত **ডিজিটাল ব্যানার তৈরী করে শাখা/কার্যালয়ে সরবরাহ করা হয়নি, যা দুখঃজনক।** কেননা বাংলাদেশ ব্যাংক এসকল বিষয়ে বিরূপ মন্তব্য করে থাকে।

০৪। এমতাবস্থায়, শাখা/কার্যালয়ে দৃশ্যমান স্থানে এ বিষয়ক পোস্টার স্থাপনের জন্য উক্ত পোস্টারটি পুনরায় প্রেরণ করা হলো। **মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে সংযুক্ত মাপের (২´ x ৩´) পিভিসি ফেস্টুস/ব্যানার তৈরী করে প্রত্যেক শাখায় দৃশ্যমান স্থানে স্থাপনের জন্য সরবরাহ করতঃ কেন্দ্রীয় পরিপালন কমিটি (CCC) কে অবহিত করার জন্য পুনরায় পরামর্শ দেয়া হলো। স্থানীয় মূখ্য কার্যালয় ও সকল কর্পোরেট শাখাসমূহ নিজেরাই উক্ত পিভিসি ফেস্টুস/ ব্যানার তৈরী করে শাখা/কার্যালয়ে দৃশ্যমান স্থানে স্থাপন করার ব্যবস্থা গ্রহণ করবে।**

০৫। বিষয়টি গুরুত্বসহকারে বিবেচনা করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত ঃ ১(এক) মাত্র।

আপনার বিশ্বস্ত,

(শেখ মাহমুদ কামাল) 
মহাব্যবস্থাপক আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ ২৮/০৫/১৮
এবং
প্রধান মানিলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (CAMLCO)

প্রকা/আরএমডি-(৩০)/সিসিসি/২০১৭-২০১৮/২০৯০(৭৫) তারিখ ঃ ২৮-০৫-২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলো ঃ
০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়দ্বয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪।স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক,
০৫। অধ্যক্ষ(মহাব্যবস্থাপক) স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৮। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি/মহানথি।

২৮/৫/১৮
(রওনক সাদ ফেরদৌসী )
উপ-মহাব্যবস্থাপক
ও
উপ- প্রধান মানলন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা(DCAMLCO)

মানিলন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন
প্রতিরোধে ব্যাংকের গ্রাহকদের করণীয় ঃ

সম্মানিত গ্রাহক,

** মানিলন্ডারিং হচ্ছে সম্পৃক্ত অপরাধমূলক কার্যক্রম হতে প্রাপ্ত অর্থ বা সম্পদের উৎস গোপন বা আড়াল করা এবং এরূপ অর্থ বৈধ অর্থ হিসাবে ব্যবহার করা। বৈধ বা অবৈধ পন্থায় বা পরোক্ষভাবে আহরিত বা অর্জিত সম্পদ অবৈধভাবে হস্তান্তর, রূপান্তর, বিদেশে প্রেরণ বা বিদেশ হতে আনয়ন বা উক্ত কাজে সহায়তা করা।

** নিয়মনীতি মেনে ব্যাংকিং কার্যক্রম করুন। মানিলন্ডারিং এবং সন্ত্রাসী কর্মকান্ডে অর্থায়ন প্রতিরোধে জনমত গড়ে তুলুন।

** আপনার অর্থ অবৈধ পথে লেনদেন বা সন্ত্রাসী কর্মকান্ডে ব্যবহার করা হচ্ছে কিনা, এ বিষয়ে সতর্ক থাকুন।

** মানিলন্ডারিং এবং জঙ্গি অর্থায়ন সম্বন্ধে জানুন, সচেতন হউন এবং দেশ ও নিজেকে সুরক্ষিত রাখুন।

** আপনার ব্যাংক হিসাব সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে আপনার সঠিক ও পূর্ণাঙ্গ পরিচিতি ও তথ্য প্রদান করে ব্যাংককে সহযোগিতা করুন এবং নিয়মিত KYC (Know your Customer) হালনাগাদ করতে আমাদের সহযোগিতা করুন।

** মানিলন্ডারিং ও সন্ত্রাসী কর্মকান্ডে অর্থায়নের অপরাধে সর্বোচ্চ শাস্তি ১২ বছর ও সর্বনিম্ন ৪ বছরের কারাদন্ড।

** আপনার ব্যাংক হিসাবের মাধ্যমে অন্য কারও পক্ষে অর্থ লেনদেন করা বা অসামঞ্জস্যপূর্ণ লেনদেন থেকে বিরত থাকুন এবং বিভিন্ন আর্থিক লেনদেনের ক্ষেত্রে প্রয়াজনীয় তথ্য দিয়ে ব্যাংকারদের সহায়তা করুন।

** আপনার ব্যাংক হিসাব খোলার সময় ঘোষিত সম্ভাব্য লেনদেনের পরিমান Transaction Profile এর সঙ্গে দৈনন্দিন লেনদেন অবশ্যই সঙ্গতিপূর্ণ হতে হবে এবং প্রয়োজনেTransaction Profile(TP) হালনাগাদ সংশোধন করার জন্য আমাদের সহযোগিতা করুন।

** জঙ্গি/সন্ত্রাসে অর্থায়ন সরকারের এবং বাংলাদেশ ব্যাংকের সার্বক্ষণিক নজরদারিতে রয়েছে। তাই এ ধরনের লেনদেন থেকে বিরত থাকুন।

** অচেনা/অজ্ঞাত অথবা অপরিচিত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সঙ্গে লেনদেন করতে হলে তার সম্মন্ধে ভালভাবে জেনে নেয়া বাঞ্চনীয়।

** 'হুন্ডি'কে না বলুন এবং বৈধ চ্যানেলে টাকা প্রেরণের জন্য প্রবাসী আত্মীয়-স্বজনকে উৎসাহিত করুন। মানিলন্ডারিং ও সন্ত্রাস বিরোধী আইনের নির্দেশনা মেনে চলুন। নিরাপদে থাকুন।

বাংলাদেশ কৃষি ব্যাংক